

c/vcb

তারিখ, ২৩ মার্চ, ২০১০

নং এসইসি/সিএমআরআরসিডি/২০০১-২৬/৩২/প্রশাসন/----- সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪ এর উপর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, পূর্ব প্রকাশের পর, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এ নিম্নোক্ত সংশোধন করিল, যথাঃ-

বিধি ৪, উপ-বিধি (২) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানির কোন স্পন্সর (Sponsor), পরিচালক, কর্মকর্তা বা কর্মচারী, নিরীক্ষক বা নিরীক্ষাকার্যে সম্পৃক্ত ব্যক্তি, পরামর্শক বা আইন উপদেষ্টা, কিংবা Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) এর section 12-এ উলিখিত beneficial owner, উক্ত কোম্পানীর বার্ষিক হিসাব সমাপ্তির তারিখ এর দুই মাস পূর্ব (ইংরেজী পঞ্জিকা বছর মোতাবেক) হইতে উক্ত হিসাব কোম্পানীর পরিচালনা পর্ষদ (Board of Directors) কর্তৃক চূড়ান্তভাবে বিবেচিত, গৃহীত বা অনুমোদিত হওয়ার তারিখ পর্যন্ত সময়কালে আলোচ্য কোম্পানীর শেয়ার ক্রয়, বিক্রয় কিংবা অন্য কোন প্রকারে হস্তান্তর বা গ্রহণ করিতে পারিবেন না।”।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

মোঃ জিয়াউল হক খোন্দকার
চেয়ারম্যান।